

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ত্রাণ কর্মসূচী-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৪২১.৯৮.০০১.১২-৬ক


০৫ জানুয়ারী, ২০১৭
তারিখঃ ২২ পৌষ, ১৪২৩

বিষয়ঃ জিআর চাল ব্যবহার/বন্টন পরিকল্পনা প্রেরণ প্রসঙ্গে।

দুর্যোগ ব্যবস্থাপনা ও মন্ত্রণালয় হতে দুর্যোগ পরিস্থিতি মোকাবেলার লক্ষ্যে মানবিক সহায়তা কর্মসূচির মাধ্যমে দুর্যোগে/অগ্নিকাণ্ডে/দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত জনসাধারণের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ ও জরুরী ত্রাণ সহায়তা হিসেবে জিআর চাল জেলা প্রশাসকগণের অনুকূলে থোক হিসেবে বরাদ্দ প্রদান করা হয়। উক্ত থোক বরাদ্দ থেকে জেলা প্রশাসকগণ দুর্যোগে ক্ষতিগ্রস্ত জনসাধারনকে তৎক্ষনিক জরুরী মানবিক সহায়তা হিসেবে পরিবার প্রতি ১০-৩০ কেজি হারে জিআর চাল বিতরণ করে থাকেন। ইদানিঃ লক্ষ্য করা যাচ্ছে যে, জেলা প্রশাসকগণ দুর্যোগ পরিস্থিতিতে বিতরণের জন্য তাঁদের অনুকূলে প্রদত্ত থোক বরাদ্দ হতে বিভিন্ন ধর্মীয় অনুষ্ঠান/এভিয়েনায় জিআর চাল বরাদ্দ প্রদান করছে ফলে দুর্যোগকালীন দুর্যোগে ক্ষতিগ্রস্ত জনসাধারণের মাঝে জিআর চাল বিতরণ করা সম্ভব হয় না। এতে সরকারের দুর্যোগ ব্যবস্থাপনা কার্যক্রম মারাত্কভাবে বিপ্লিত হচ্ছে এবং যা এ মন্ত্রণালয়ের মূল উদ্দেশ্যকে ব্যাহত করছে। তাই বরাদ্দকৃত জিআর (চাল) বা নগদ টাকা শুধুমাত্র দুর্যোগে ক্ষতিগ্রস্ত দুইস্থ ব্যক্তিদের সাহায্যার্থে সীমিত রাখা প্রয়োজন এবং অন্য উদ্দেশ্য তা ব্যয় করা সমীচীন নয়।

২। গত ২২/১২/২০১৬ খ্রিঃ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে বিভাগীয় কমিশনারদের সমন্বয় সভায় অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসকগণ কিভাবে জিআর চাল ব্যবহার/বন্টন করবেন তার একটি পরিকল্পনা বিভাগীয় কমিশনারগণ আগামী ১৫ দিনের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

৩। এমতাবস্থায়, জেলা প্রশাসকগণ কোন প্রেক্ষিতে, কোন অবস্থায়, কোন পরিস্থিতিতে এবং কিভাবে জিআর চাল ব্যবহার/বন্টন করবেন তার একটি পরিকল্পনা আগামী ১৫ দিনের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোহাম্মদ হোসেন)
উপ-সচিব (ত্রাণ)
ফোনঃ ৯৫৭০০৮০
ds1relief@gmail.com

বিভাগীয় কমিশনার
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।

সদয় অবগতি ও কার্যালয়ে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক..... (সকল)
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিটেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। পত্রটি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, এনডিআরসিসি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। পত্রটি বিভাগীয় কমিশনার/ জেলা প্রশাসকগণ বরাবর ই-মেইল/ফ্যাক্স মারফত প্রেরণ নিশ্চিত করণের অনুরোধসহ।
- ৭। অতিরিক্ত সচিব (ত্রাণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।